

## বাংলাদেশ দূতাবাস তেহরান

### প্রেস রিলিজ

০৯ জুলাই ২০২৩, তেহরান

অদ্য ০৯ জুলাই, ২০২৩ ইরানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মনজুরুল করিম খান চৌধুরী ইসলামী প্রজাতন্ত্র ইরানের রাষ্ট্রপতি ড. সাইয়েদ ইব্রাহিম রাইসী'র নিকট পরিচয়পত্র পেশ করেন। পরিচয়পত্র পেশ করার পর উভয়ের মধ্যে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা কালে ইরানের রাষ্ট্রপতি বাংলাদেশের রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে ইরানে রাষ্ট্রদূত হিসেবে তাঁর কার্যক্রমের সাফল্য কামনা করেন। বাংলাদেশ ও ইরানের মধ্যকার ঐতিহাসিক যোগাযোগ ও সাংস্কৃতিক বিনিময়ের উল্লেখ করে দু'দেশের মধ্যে রাজনৈতিক, বাণিজ্য, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করার বিষয়ে আশ্বাদ ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে তাঁদেরকে ইরান সফরের আমন্ত্রণ জানান। বাংলাদেশের সাম্প্রতিক অর্থনৈতিক অগ্রগতির কথা উল্লেখ করে তিনি বলেন বাংলাদেশ ও ইরান জ্বালানী, প্রযুক্তি, ব্যবসা, বাণিজ্য, বিনিয়োগ প্রভৃতি খাতে যৌথভাবে কাজ করলে উভয় দেশই লাভবান হবে মর্মে মত প্রকাশ করেন।

ইরানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রাষ্ট্রপতি ইব্রাহিম রাইসীর কাছে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা পৌঁছে দেন। তিনি ইরানে তাঁর অবস্থানকালে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতা আরও গভীর করার জন্য কাজ করার আশ্বাদ ব্যক্ত করেন। তিনি উভয় দেশের মধ্যে ত্রাত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় ও অর্থবহ করতে ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক ক্ষেত্রে সহযোগিতার প্রসারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদেশ হতে রোহিঙ্গাদের স্বদেশে প্রত্যাবর্তন ইস্যুতে ইরান ও অন্যান্য মুসলিম দেশ সমূহের সহযোগিতা কামনা করেন এবং এ ব্যাপারে ইরানকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান।

আলোচনায় বাংলাদেশ ও ইরানের মধ্যে বিভিন্ন সময়ে স্বাক্ষরিত বিভিন্ন দ্বিপাক্ষিক চুক্তি, বিশেষত (Preferential Trade Agreement) কার্যকর করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় যা দু'দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্যের প্রসারে সহায়তা করবে।

সংযুক্তি: পরিচয় পত্র পেশের ছবি।

